

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৭৯

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক এই নিষিদ্ধ কাজ সম্পাদন করা প্রসঙ্গে বর্ণনা

ذَكَرُ فِعْلِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذَا الشَّيْءَ الْمَزْجُورَ عَنْهُ

আরবী

3479 - أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو أُسَامَةَ قَالَ: إِسْمَاعِيلُ بْنُ أَبِي خَالِدٍ أَخْبَرَنَا عَنْ عَامِرٍ قَالَ: أَخْبَرَنِي أَبُو بَكْرٍ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْحَارِثِ بْنِ هِشَامٍ: أَنَّهُ أَتَى عَائِشَةَ فَقَالَ: إِنَّ أَبَا هُرَيْرَةَ يُفْتِنَانَا أَنَّهُ مَنْ أَصْبَحَ جُنْبًا فَلَا صِيَامَ لَهُ فَمَا تَقُولِينَ لَهُ فِي ذَلِكَ؟ فَقَالَتْ: لَقَدْ كَانَ بِلَالٌ يَأْتِي رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَيُؤَذِّنُهُ لِلصَّلَاةِ وَإِنَّهُ لَجُنْبٌ فَيَقُومُ وَيَغْتَسِلُ وَإِنِّي لَأَرَى جَرِيَّ الْمَاءِ بَيْنَ كَتْفَيْهِ ثُمَّ يَظَلُّ صَائِمًا

الراوي : أَبُو بَكْرٍ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْحَارِثِ بْنِ هِشَامٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3479 | خلاصة حكم المحدث: صحيح الإسناد.

বাংলা

৩৪৭৯. আবু বকর বিন আব্দুর রহমান বিন হারিস বিন হিশাম রহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি একবার আয়িশা রাদিয়াল্লাহু আনহা'র কাছে এসে বলেন, “নিশ্চয়ই আবু হুরাইরা আমাদেরকে ফাতাওয়া দিয়েছেন যে, যে ব্যক্তি জুনুবী অবস্থায় ভোর করবে, তার সিয়াম হবে না।” এই ব্যাপারে আপনার অভিমত কী? তখন তিনি বলেন, “নিশ্চয়ই বিলাল রাদিয়াল্লাহু আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আসতেন অতঃপর তিনি তাঁকে সালাতের কথা অবহিত করতেন। তখনও তিনি জুনুবী থাকতেন, তারপর তিনি উঠে গোসল করতেন। অতঃপর আমি তাঁর কাঁধের উপর পানি গড়িয়ে পড়তে দেখেছি। তারপর তিনি সিয়াম অব্যাহত রেখেছেন।”[1]

ফুটনোট

[1] নাসাঈর বরাতে তুহফাতুল আহওয়াযী: ১২/৩৪১; তাহাবী: ২/১০৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২০৬৬)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92813>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন